



BARISHAL GOVT. WOMEN'S COLLEGE

বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল

E-mail: bgwcinfo@yahoo.com, EIIN No.: 100877, Website: www.bwc.gov.bd, Phone: +8802478865017

স্মারক নং-২২২(৮)

তারিখ: ১১/১২/২০২৩ খ্রি.

পুরাতন ভবন নিলাম বিজ্ঞপ্তি

বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল-এর পুরাতন, জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ দুই তলা বিশিষ্ট পরিত্যক্ত সমাজকল্যাণ ভবন অপসারণ এবং নির্মান সামগ্রী (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের নিমিত্তে প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল অফিস হতে গ্রহণ করা যাবে এবং দরপত্রসমূহ আগামী ১১/১২/২০২৩ তারিখ ১০ ঘটিকা থেকে ১৮/১২/২০২৩ তারিখ দুপুর ১২ ঘটিকা পর্যন্ত বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল এর অফিসে রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে এবং ঐদিনই দুপুর ১২:৩০ ঘটিকায় আগ্রহী উপস্থিত দরদাতাদের সম্মুখে দরপত্র বাস্তব খোলা হবে।

শর্তাবলী:

১. নিলাম ডাকে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ ভ্যাট রেজিস্ট্রেশন, টিন সার্টিফিকেট, হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এবং হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র দাখিলপূর্বক আগামী ১৮/১২/২০২৩ তারিখ দুপুর ১২ ঘটিকার মধ্যে এ কলেজের হিসাব শাখায় নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ১০০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরৎযোগ্য) জামানত দিয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
২. সর্বোচ্চ দরদাতাকে তাৎক্ষণিক ভাবে ১৮/১২/২০২৩ তারিখ ৩ ঘটিকার মধ্যে প্রদত্ত দরের ৫০% টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/নগদ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা করতে হবে। অন্যথায় জামানত হিসেবে জমাকৃত প্রদত্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত করা হবে।
৩. উর্ধ্বতন কর্তৃপক্ষ দর অনুমোদিত হওয়ার পর অবশিষ্ট অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা করার পরই কেবল সর্বোচ্চ দরদাতাকে ভবন ভাঙ্গা ও মালামাল গ্রহণের অনুমতি পত্র প্রদান করা হবে।
৪. সর্বোচ্চ দরদাতাকে সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও উৎসে কর প্রদান করতে হবে।
৫. বর্ণিত অকেজো ভবনটি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের প্রতিনিধির মাধ্যমে পরিদর্শন করা যাবে।
৬. বর্ণিত অকেজো ভবনটির ভাঙ্গার সময় অভিজ্ঞ কারিগর/যন্ত্র ব্যবহার করতে হবে। শব্দ দূষণ, বায়ু দূষণ যথাসম্ভব নিয়ন্ত্রণে রাখতে হবে এবং পাবলিক পরীক্ষা চলাকালীন সময়ে কাজ বন্ধ রাখতে হবে।
৭. ভবনটি ভাঙ্গার সময় সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে ভবনের চারপাশ পর্যন্ত নিরাপত্তা বেটনী স্থাপন করতে হবে এবং যে কোনো দুর্ঘটনার জন্য ঠিকাদার প্রতিষ্ঠান দায়ী থাকবে।
৮. অকেজো ভবনটি ভাঙ্গার সময় পাশ্চাত্য ভবনের কোন প্রকার ক্ষতি সাধিত হলে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে ও খরচে তা মেরামত/নির্মাণ করে দিতে হবে।
৯. নিলামকৃত দর যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন না করা পর্যন্ত পুরাতন ভবন অপসারণ/ভাঙ্গা যাবে না।
১০. সর্বোচ্চ দরদাতাকে অনুমতিপত্র প্রদানের ০১ (এক) মাসের মধ্যে নিলামকৃত অকেজো ভবনটি ভেঙে এর যাবতীয় মালামাল নিজ ব্যয়ে/দায়িত্বে অপসারণ করতে হবে। অন্যথায় বিনা নোটিশে উক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে।
১১. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অনুলিপি বিতরণ:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ২। জেলা প্রশাসক, বরিশাল।
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ৪। অধ্যক্ষ, সরকারি বি.এম. কলেজ, বরিশাল।
- ৫। অধ্যক্ষ, সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল।
- ৬। অধ্যক্ষ, সরকারি বরিশাল কলেজ, বরিশাল।
- ৭। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশাল জোন, বরিশাল।
- ৮। থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, বরিশাল।

অধ্যক্ষ
বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল
প্রকৌশল মোঃ আসাদুজ্জামান (৩৩১৭)
অধ্যক্ষ
বরিশাল সরকারি মহিলা কলেজ
বরিশাল